বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
ভূমি ও রাজস্ব পরিদপ্তর
পানি ভবন, ৭২,গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

তারিখ: ১২ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
২৭ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৪২.০১.০০০০.০০০.২০৩.১৮.০০০১.২৩.১২০

**পরিপত্র**

বিষয়: **বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর জমি ইজারা/লিজ প্রদান প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, দেশের বিভিন্ন জেলায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর অধিগ্রহণকৃত ও অন্যান্য জমি রয়েছে, যার কিছু অংশ অবৈধ দখলদারেরা দখল করে ব্যক্তিস্বার্থে ব্যবহার করছিল। অন্তর্বর্তী সরকার এসব জমি অবৈধ দখলমুক্ত করার কার্যক্রম গ্রহণ করেছে। সরকার অবৈধ দখলমুক্ত ও অন্যান্য সরকারি জমির সঠিক ব্যবস্থাপনা নিশ্চিত করতে ৩ সদস্য বিশিষ্ট উপদেষ্টা কমিটি গঠন করেছে।

২। এমতাবস্থায়, অবৈধ দখল হতে উদ্ধারকৃত বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর কোনও জমি ইজারা/লিজ প্রদান করা থেকে বিরত থাকতে সংশ্লিষ্ট সকলের প্রতি নির্দেশ প্রদান করা হলো।

৩। উল্লেখ্য যে, সম্প্রতি চট্টগ্রাম জেলার উত্তর কাট্টলী, দক্ষিণ কাট্টলী এবং উত্তর হালিশহর মৌজায় অবৈধ দখল হতে উদ্ধারকৃত জমি ইজারা/লিজ পেতে বিভিন্ন গোষ্ঠী আবেদন করেছে। মূল্যবান এই জমি সর্বোচ্চ জনস্বার্থে উপদেষ্টা কমিটির নির্দেশনা মোতাবেক ব্যবস্থাপনা করা হবে। ফলে উদ্ধারকৃত কোনও জমি ইজারা/লিজ দেয়ার কোনও সুযোগ নেই এবং উদ্ধারকৃত জমি ইজারা/লিজ চেয়ে যেসব আবেদন পাওয়া গিয়েছে, সেসব আবেদন খারিজ করে দিতে হবে।

৪। ভবিষ্যতে অবৈধ দখলদারদের পুনর্দখল ঠেকাতে উত্তর কাট্টলী, দক্ষিণ কাট্টলী এবং উত্তর হালিশহর মৌজার উদ্ধারকৃত জমির চতুর্দিকে কাঁটাতারের বেড়া স্থাপনপূর্বক বেড়ার পার্শ্ব বরাবর বৃক্ষ রোপণের মাধ্যমে দখলীসত্ব নিশ্চিত করতে এবং এ বিষয়ে গৃহীত পদক্ষেপ যথাযথ কর্তৃপক্ষকে জানাতে নির্বাহী প্রকৌশলী চট্টগ্রাম পানি উন্নয়ন বিভাগ- ১, বাপাউবো, চট্টগ্রাম এর প্রতি নির্দেশ প্রদান করা হলো।

৫। এ পরিপত্র মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে জারি করা হলো।

২৭-০৭-২০২৫
মোঃ ছাইফুল ইসলাম
পরিচালক (ভূমি ও রাজস্ব) (ভারপ্রাপ্ত)
০২২২২২৩০০৫৬
dir.land@bwdb.gov.bd

বিতরণ (জ্ঞাতার্থে):

১। একান্ত সচিব, উপদেষ্টার দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।

২। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ**

১। প্রধান প্রকৌশলী (সকল), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (জোনের আওতাধীন নির্বাহী প্রকৌশলীগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
২। সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), পানি উন্নয়ন সার্কেল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড ( সার্কেলাধীন নির্বাহী প্রকৌশলীগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
৪। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (জারীকৃত পরিপত্রটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫। নির্বাহী প্রকৌশলী (সকল), পানি উন্নয়ন বিভাগ (পরিপত্রে উল্লেখিত নির্দেশনা বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো)।
৬। সহকারী রাজস্ব কর্মকর্তা, (সকল) পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো।
৭। ব্যক্তিগত সহকারী, (পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা, নকশা ও গবেষণা/অর্থ), বাপাউবো, ঢাকা।
৮। অফিস কপি, মাস্টার কপি।

২৭-০৭-২০২৫
মোঃ মনিরুল ইসলাম চিশতী
সহকারী পরিচালক